# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৪১

১/ বিবিধ

আরবী

من أكل فشبع، وشرب فروي، فقال: الحمد لله الذي أطعمني فأشبعني، وسقاني فأرواني، خرج من ذنوبه كيوم ولدته أمه
ضعيف

أخرجه ابن السني في " عمل اليوم والليلة " (467) : أخبرنا أبو يعلى: حدثنا محمد بن إبراهيم السامي: حدثنا إبراهيم بن سليمان: حدثنا حرب بن سريج عن حماد بن أبي سليمان قال
تغديت عند أبي بردة، فقال: ألا أحدثك ما حدثني به عبد الله بن قيس رضي الله عنه؟
قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره
قلت: وهذا إسناد ضعيف، رجاله ثقات غير حرب بن سريج، قال الحافظ في التقريب
" صدوق يخطىء "
وأورده الذهبي في " الضعفاء " وقال
" فيه ضعف "
قلت: وخفي ذلك على المنذري فسكت عليه في " الترغيب " (3/129) وعزاه لأبي يعلى. وأغرب منه قول الهيثمي (5/29)
رواه أبو يعلى، وفيه من لم أعرفه
وليس فيهم من لا يعرف إطلاقا، فلعله تحرف عليه بعض أسماء رواته

বাংলা

১১৪১। যে ব্যক্তি ভক্ষণ করে পরিতৃপ্ত এবং পান করে সিক্ত হয়ে বলবেঃ সমস্ত প্রশংসা সেই আল্লাহর যিনি ভক্ষণ করিয়ে আমাকে পরিতৃপ্ত করেছেন আর পান করিয়ে সিক্ত করেছেন সে তার সমস্ত গুনাহ্ থেকে বের হয়ে সেই দিনের ন্যায় হয়ে যাবে যেদিন তাকে তার মা জন্ম দিয়েছিল।

হাদিসটি দুর্বল।

হাদীসটি ইবনুস সুন্নী "আমলুল ইয়াওয়াম অল-লাইলাহ" গ্রন্থে (৪৬৭) আবূ ইয়ালা সূত্রে মুহাম্মাদ ইবনু ইবরাহীম আস-সামী হতে, তিনি ইবরাহীম ইবনু সুলাইমান হতে, তিনি হারর সুরাইজ হতে, তিনি হাম্মাদ ইবনু আবী সুলাইমান হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সনদ দুর্বল। হারব ইবনু সুরাইজ ব্যতীত হাদীসটির অপর বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী, ক্রটিকারী।

হাফিয যাহাবী তাকে “আয-যুয়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তার মধ্যে দুর্বলতা রয়েছে।

আমি (আলবানী) বলছিঃ তার দোষটা মুনযেরীর নিকট লুক্কায়িত থেকে যাওয়ার কারণে তিনি “আত-তারগীব” গ্রন্থে (৩/১২৯) চুপ থেকে আবু ইয়ালার উদ্ধৃতিতে উল্লেখ করেছেন।

আরো আশ্চর্যের ব্যাপার হচ্ছে এই যে, হায়সামী (৫/২৯) বলেছেনঃ হাদীসটি আবু ইয়ালা বর্ণনা করেছেন, যার সনদের মধ্যে সেই ব্যক্তি রয়েছেন যাকে আমি চিনি না। অথচ এর সনদের মধ্যে কোন অপরিচিত বর্ণনাকারী নেই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72020

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন